

সারাদেশ

ব্রাহ্মণবাড়িয়ায় কোটি টাকার ভারতীয় জিরাসহ কাভার্ড ভ্যান জব্দ



প্রতিবেদক: ব্রাহ্মণবাড়িয়া প্রতিনিধি

প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM



ব্রাহ্মণবাড়িয়ার বিজয়নগরে অভিযান চালিয়ে প্রায় এক কোটি টাকা মূল্যের ৬ হাজার কেজি ভারতীয় জিরা ও একটি কাভার্ড ভ্যান জব্দ করেছে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)।

গুত্রবার (২৪ জুলাই) বেলা ১১টার দিকে সরাইল ব্যাটালিয়ন (২৫ বিজিবি) গোপন সংবাদের ভিত্তিতে বিজয়নগর উপজেলার ইব্রাহীমপুর এলাকায় এ অভিযান পরিচালনা করে।

বিজিবি জানায়, সীমান্ত পিলার ২০০১/এমপি থেকে প্রায় পাঁচ কিলোমিটার বাংলাদেশের অভ্যন্তরে সিলেট থেকে ঢাকাগামী একটি সন্দেহভাজন কাভার্ড ভ্যানে তল্লাশি চালানো হয়। এ সময় বিজিবির উপস্থিতি টের পেয়ে গাড়িতে থাকা একজন ব্যক্তি দৌড়ে পালিয়ে যান।

পরে গাড়িতে থাকা জিরার বৈধ কাগজপত্র দেখাতে বলা হলে সংশ্লিষ্ট ব্যক্তি তা উপস্থাপন করতে ব্যর্থ হন। বৈধ কাগজপত্র না থাকায় কাভার্ড ভ্যান থেকে ৬ হাজার কেজি ভারতীয় জিরা জব্দ করা হয়। একই সঙ্গে কাভার্ড ভ্যানটিও জব্দ করা হয়েছে।

বিজিবির হিসাব অনুযায়ী, জন্ম করা জিরা ও কাভার্ড ভ্যানের আনুমানিক বাজারমূল্য এক কোটি টাকা।

জন্ম করা মালামাল ও কাভার্ড ভ্যান আখাউড়া কাস্টমস অফিসে জমা দেওয়ার কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে।

সরাইল ব্যাটালিয়ন (২৫ বিজিবি) জানিয়েছে, ব্রাহ্মণবাড়িয়ার বিজয়নগর ও আখাউড়া এবং হবিগঞ্জের মাধবপুর সীমান্ত এলাকায় নিরাপত্তা নিশ্চিত ও চোরাচালান প্রতিরোধে তাদের অভিযান ও গোয়েন্দা তৎপরতা অব্যাহত রয়েছে। এরই ধারাবাহিকতায় সীমান্তবর্তী এলাকায় নিয়মিত অভিযান পরিচালনা করে বিভিন্ন ধরনের চোরাচালানি পণ্য জন্ম করা হচ্ছে।

এ বিভাগের আরও খবর



বাবার হত্যা মামলার বাদীকেই হত্যার চেষ্টার অভিযোগ
পটুয়াখালীর কলাগাড়ায় আলোচিত হারিচ আহমেদ হত্যা মামলার বাদী বাবুল মিয়াকে হত্যাসূচক অভিযোগ উঠেছে মামলার আসামিদের বিরুদ্ধে। গত রোববার সকাল ৯...



রাজৈরে ইয়াবাসক্ত ছেলেকে পুলিশে দিলেন বাবা
মাদারীপুরের রাজৈরে ইয়াবাসক্ত ছেলের অভিচার ও হত্যার হুমকিতে অতিষ্ঠ হয়ে তাকে পুলিশের হাতে তুলে দিয়েছেন এক বাবা।
উপজেলার কামালদি রিজের সূতা...



ঝালকাঠিতে গাঁজাসহ তরুণ গ্রেফতার
ঝালকাঠির নলাউটিতে দুই কেজি গাঁজাসহ রাকিব হাসান সরদার (১৯) নামে এক তরুণকে গ্রেফতার করেছে পুলিশ।সোমবার রাত ১০ টার দিকে উপজেলার দপদপিয়া ইউনিয়নে...



শার্শায় ২০০ বোতল উইনসেরেক্স কফ সিরাপসহ গ্রেপ্তার ১
যশোরের শার্শায় ২০০ বোতল উইনসেরেক্স কফ সিরাপসহ মো. সবুজ খান (৩৫) নামে এক ব্যক্তিকে গ্রেপ্তার করেছে থানা পুলিশ। মঙ্গলবার (৬ অক্টোবর) দুপুর ২টার...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/saradesh/brahmnbaryay-koti-takar-bhartiy-jirash-kabhard-bhjan-jbd>